যুগান্তর

তারিখ 06 OCT 2017
পৃষ্ঠা ২৩ কলাম ৫

# এমবিবিএস ভর্তি পরীক্ষা আজ

যুগান্তর রিপোর্ট

চলতি বছর সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সের প্রথম বর্ষে (২০১৭-১৮) ভর্তি পরীক্ষা আজ। স্বাস্থ্য অধিদফতরের অধীনে কেন্দ্রীয়ভাবে রাজধানীসহ সারা দেশের ২০টি কেন্দ্রে অভিন্ন প্রশ্নপত্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিকে এমবিবিএস কোর্সের ভর্তিতে দ্বিতীয়বারের পরীক্ষার্থীদের ৫ নম্বর কাটার সিদ্ধান্ত আদালত বহাল রেখেছেন। আজ সকালে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন কেন্দ্র পরিদর্শ করবেন বলে নিশ্চিত করেছেন মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তা পরীক্ষিৎ চৌধুরী।

অধিদফতর সূত্র জানায়, সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে জীববিদ্যা-৩০, রসায়ন-২৫, পদার্থ-২০, ইংরেজি-১৫, সাধারণ জ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি-৬ এবং আন্তর্জাতিক বিষয়ে ৪ নম্বর থাকবে। পাস নম্বর ৪০। এ বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৮২ হাজার ৭৮৮ জন আবেদন করেছেন। সরকারি ৩১টি মেডিকেল কলেজের মোট আসন ৩ হাজার ৩১৮টি। অর্থাৎ প্রতি আসনের বিপরীতে ভর্তিযুদ্ধে অংশ নেবে ২৪ জনের বেশি। অন্যদিকে সরকারি-বেসরকারি মিলিয়ে প্রতি আসনের বিপরীতে ৮ জনের বেশি শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. আবদুর রশীদ যুগান্তরকে বলেন, বৃহস্পতিবার ঢাকাসহ দেশের প্রতিটি কেন্দ্রের প্রশ্নপত্র একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের তত্ত্বাবধানে পুলিশ পাহারায় অত্যন্ত নিরাপত্তার সঙ্গে পাঠানো হয়েছে। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, কেউ কোনো গুজবে কান দেবেন না। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে কেন্দ্রে উপস্থিত হওয়ার আহ্বান জানান তিনি। পরীক্ষা শুরুর ১০ মিনিট পর কাউকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে মোবাইল, ক্যালকুলেটর, ঘড়িসহ কোনো ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

এদিকে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারীর প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কাটার আদেশ বহাল রেখেছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। এর ফলে ভর্তি পরীক্ষার মেধাতালিকা তৈরির সময় দ্বিতীয়বারের পরীক্ষার্থীদের ৫ নম্বর কাটার সিদ্ধান্তই বহাল থাকল।

অধিদফতর সূত্র জানায়, ভর্তি পরীক্ষা সুষ্ঠু হচ্ছে কিনা, তা সরেজমিন দেখতে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতরের কর্মকর্তাদের সমন্বয়ে শতাধিক সদস্যের একাধিক পরিদর্শক টিম গঠন করা হয়েছে।